

মাসঃ আগস্ট

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির আগস্ট/২০২১ মাসের সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব মোঃ মশিউর রহমান মৃধা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গারিয়া, পিরোজপুর।
স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গারিয়া, পিরোজপুর এর কার্যালয়।
তারিখ : ০৫/০৮/২০২১ খ্রি:।
সময় : বেলা ১১:০০ টা।

সভায় উপস্থিতিঃ পরিশিষ্ট ক-তে সংযোজিত।

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গারিয়া, পিরোজপুর এর অফিসকক্ষে ০৫/০৮/২০২১ খ্রি: তারিখ বেলা ১১:০০ ঘটিকার সময় স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যদের মাঝে কুশল বিনিময়ের মাধ্যমে সবার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতির সম্মতিক্রমে সদস্য সচিব উপজেলা শিক্ষা অফিসার, ভাঙ্গারিয়া, পিরোজপুর বিগত সভার মন্তব্য পাঠ করে শোনান এবং সকলের সম্মতিক্রমে কোন সংশোধনী ছাড়াই সভায় দৃঢ়করণ করা হয়। অতঃপর নিম্নে বর্ণিত বিষয় সমূহ বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--------------|--|---|---|
| ০১ | বিদ্যালয়ের অনলাইন পাঠদান কার্যক্রম পরিচালনা | কোভিড-১৯ এর কারণে দীর্ঘদিন যাবৎ বিদ্যালয়ে সরাসরি পাঠদান বন্ধ থাকায় শিক্ষার্থীগণের পাঠদান কার্যক্রম অনেক ঘাটতি হয়েছে। পাঠদান কার্যক্রমের ঘাটতি পূরণের জন্য সরকারি পর্যায়ে অনলাইন ও অফ লাইনে শিক্ষার্থীদের পাঠদান পরিচালনার জন্য নির্দেশন রয়েছে। সরকারি এ নির্দেশনাগুলো সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত সমূহঃ ১) কমিটির সম্মানিত সদস্যগণ ছাত্র/ছাত্রীর অভিভাবক ও শিক্ষকদের সাথে যোগাযোগ করে অনলাইন পাঠদান কার্যক্রমের অগ্রগতি যাচাই করবেন। ২) সংশ্লিষ্ট ক্লাস্টারের এইউইও গণ নিয়মিত মনিটরিং করে স্থায়ী কমিটির সদস্য সচিবের নিকট প্রতিবেদন দাখিল করবেন। ৩) যে সকল শিক্ষার্থীগণ অনলাইন কিংবা অফলাইনে পাঠদান গ্রহণের সুযোগ নেই শিক্ষকগণ বিকল্প যে কোন উপায়ে তাদের জন্য পাঠদান কার্যক্রম পরিচালনা করবেন। | স্থায়ী কমিটির সকল সদস্য, সকল এইউইও গণ, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক |
| ০২ | যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালন | স্বাস্থ্য বিধি মেনে সরকারি নির্দেশনা অনুযায়ী প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক পালন করতে হবে। এ বিষয় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ ১) জাতীয় শোক দিবস সম্পর্কিত সরকারি নির্দেশনা যথাযথভাবে পালন করা। ২) সংশ্লিষ্ট ক্লাস্টারের এইউইও গণ ১৫ই আগস্ট সকল বিদ্যালয় পরিদর্শন করে স্থায়ী কমিটির সদস্য সচিবের নিকট প্রতিবেদন দাখিল করবে। ৩) বিদ্যালয়ে এস.এম.সি, পি.টি.এসহ স্থানীয়ভাবে মুক্তিযোদ্ধাদের বিদ্যালয়ে আমন্ত্রণ করা। ৪) প্রতিটি বিদ্যালয়ে দোয়া মোনাজাতের আয়োজন করা | এইউই (সকল), প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক ও ছাত্র/ছাত্রী |
| ০৩ | | বিবিধ বিষয়ে কোন আলোচনা নেই। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ মশিউর রহমান মৃধা)

সভাপতি

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

ভাঙ্গারিয়া, পিরোজপুর।

স্মারক নং : উ:শি:অ:/ভাণ্ডা/ ৫০৬-৩০

তারিখ : ০৫/০৮/২০২১ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরন করা হলো :-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গারিয়া, পিরোজপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গারিয়া, পিরোজপুর।
- ৩। জনাব সদস্য প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ভাঙ্গারিয়া, পিরোজপুর।
- ৪। সংরক্ষন নথি।

Handwritten signature

(মোঃ নাছির উদ্দিন খলিফা)

সদস্য সচিব

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার (চ:দা:)

ভাঙ্গারিয়া, পিরোজপুর।